



নং- ১৩.০১.০০০০.০৩১.০৮.০০১.৯৬. ১৫০০


তারিখঃ ২৪/০৩/০২০২০ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরের সকল স্থাপনায় করোনা ভাইরাস (কোভিড ১৯) এর প্রতিরোধ বিষয়ক নির্দেশনা।

অত্র দপ্তরের ১৮/০৩/২০২০ তারিখের ৫৬৩ নং ও ২৩/০৩/২০২০ তারিখের ৫৮৭ নং স্মারকে করোনা ভাইরাস প্রতিরোধ বিষয়ক নির্দেশনা প্রদান করা হয়। এক্ষণে, উক্ত নির্দেশনার অনুবৃত্তিক্রমে খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরাধীন সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সুরক্ষার জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ

- ১। খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরাধীন সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের জ্বর, সর্দি, কাশি, ঠান্ডা, শ্বাসকষ্ট ইত্যাদি যেকোন ধরনের লক্ষণ/উপসর্গ/সমস্যা দেখা দিলে তা তাৎক্ষণিকভাবে যথাযথ কর্তৃপক্ষকে অবহিতপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ২। খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরাধীন সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সাথে বসবাসরত কেউ বিদেশ হতে প্রত্যাগত/করোনা ভাইরাসে আক্রান্ত থাকলে তা যথাযথ কর্তৃপক্ষকে অবহিতপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৩। খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরাধীন সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনে মাস্ক ব্যবহার করার জন্য পরামর্শ প্রদান করা হলো।
- ৪। খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরাধীন সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের জনবহুল স্থান/জনসমাগম/বহুল ব্যবহৃত বস্তু/দ্রব্যাদি ব্যবহার/স্পর্শ এড়িয়ে চলার জন্য পরামর্শ প্রদান করা হলো।
- ৫। খাদ্য ভবনে প্রবেশের ক্ষেত্রে খাদ্য ভবনের ডানপাশে বাহিরের দিকে স্থাপিত বেসিনসমূহে আবশ্যিকভাবে দুহাতে সাবান দিয়ে ২০ সেকেন্ড যাবৎ ভালভাবে পানি দিয়ে ধৌত করে অতঃপর খাদ্য ভবনে প্রবেশ করতে হবে।
- ৬। খাদ্য ভবনসহ খাদ্য অধিদপ্তরাধীন সকল দপ্তরে কর্মরত স্থায়ী/খন্ডকালীন পরিচ্ছন্নতা কর্মীদেরকে প্রয়োজনীয় মাস্ক সরবরাহপূর্বক মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে। তাদেরকে প্রয়োজনীয় ভালো/নতুন পরিচ্ছন্নতা সংক্রান্ত সরঞ্জামাদি সরবরাহ করতে হবে।



(সারোয়ার মাহমুদ)
মহাপরিচালক
ফোন-৯৫৮৪৮৩৪

ই-মেইলঃ dg@dgfood.gov.bd

নং- ১৩.০১.০০০০.০৩১.০৮.০০১.৯৬. ১৫০০ (২২২)

বিতরণঃ

- ১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সদয় অবগতির জন্য)
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩-৯। পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১০। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা।
- ১১। বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১২-১৩। অতিরিক্ত পরিচালক, এম.আই.এস.এন্ড.এম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১৪। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ১৫-২১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/রংপুর/সিলেট। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে পরিপত্রটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)
- ২২-২৭। সাইলো অধীক্ষক নারায়ণগঞ্জ/চট্টগ্রাম/আশুগঞ্জ, বি-বাড়ীয়া/ সান্তাহার, বগুড়া/ স্টীল সাইলো, খুলনা/মোংলা সাইলো, বাগেরহাট।

তারিখঃ ২৪/০৩/০২০২০ খ্রিঃ

অপর পৃষ্ঠা সদয় দ্রষ্টব্য

- ২৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (পরিপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ২৯। উপ-পরিচালক(তদন্ত ও মামলা/পিপিটি), প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩০-৯৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৯৪-৯৫। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা।
- ৯৬-১০৮। ব্যবস্থাপক (সকল).....
- ১০৯। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১১০। অফিস কপি।
- ১১১। মাস্টার কপি।
- ১১২। গার্ড ফাইল কপি।